

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
[আইন-১ অধিশাখা]
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০২১.০০৪.০১.০০.৫২০.২০১৭-৩২

তারিখ ২১ পৌষ ১৪২৪ বঙ্গাব্দ
৪ জানুয়ারি ২০১৮ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ খুলনা সিটি কর্পোরেশনের মেয়র জনাব মোঃ মনিরুজ্জামান এর সাময়িকভাবে বরখাস্ত কালীন সময়ে সম্মানী ভাতা প্রদানের আবেদন প্রসঙ্গে।


সূত্রঃ সিটি কর্পোরেশন-২ শাখার ইউ,ও,নোট নং- ৪৬.০০.০০০০.০৭১.২২.০০৮.১৫.৩৯৭ তাং-৩০ মে, ২০১৭

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, খুলনা সিটি কর্পোরেশনের মেয়র জনাব মোঃ মনিরুজ্জামান এর বিরুদ্ধে খুলনা থানায় ফৌজদারী মামলা (১) মামলা নং ১৯, তারিখঃ ২৬ নভেম্বর, ২০১৩ এবং (২) মামলা নং ৫ তারিখঃ ৪ জানুয়ারি, ২০১৪ বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হওয়ায় তাঁকে স্থানীয় সরকার বিভাগের ২ নভেম্বর, ২০১৫ তারিখের ৫৯৬নং প্রজ্ঞাপনমূলে সাময়িকভাবে বরখাস্ত করা হয়। উক্ত প্রজ্ঞাপনকে চ্যালেঞ্জ করে জনাব মোঃ মনিরুজ্জামান হাইকোর্ট বিভাগে ৭০৯৮/২০১৬ দায়ের করেন। উক্ত রীট মামলার আদেশ এবং সরকার পক্ষে আপীল মামলা নং ২৫৪৭/২০১৬ মূলে সাময়িক বরখাস্তের আদেশটির ওপর স্থগিতাদেশ থাকায় তিনি বর্তমানে মেয়র পদের দায়িত্ব পালন করছেন।

২। জনাব মোঃ মনিরুজ্জামান এর সাময়িক বরখাস্তকালীন সময়ে (৩ নভেম্বর ২০১৫ হতে ২০ নভেম্বর ২০১৬ পর্যন্ত) তাঁকে কোন সম্মানীভাতা প্রদান করা হয়নি। স্থানীয় সরকার বিভাগের ১৪ জুলাই ২০১৩ তারিখে ৩৯৫ নং স্মারকে জারীকৃত পত্রে সিটি কর্পোরেশনের মেয়রগণের সম্মানী ও অন্যান্য ভাতাদি নির্ধারণ করা হয়েছে। কিন্তু উক্ত স্মারকে সাময়িকভাবে বরখাস্তকৃত মেয়র এর সম্মানী ভাতার বিষয়ে কিছু উল্লেখ নেই। যদিও ফৌজদারী মামলায় অভিযুক্ত কাউন্সিলরগণ সম্মানীভাতা উত্তোলন করতে পারবেন না মর্মে সিটি কর্পোরেশন (কাউন্সিলর ও সংরক্ষিত আসনের কাউন্সিলরগণের দায়িত্ব, কার্যাবলী ও সুযোগ সুবিধা) বিধিমালা, ২০১২ তে উল্লেখ রয়েছে মর্মে উল্লেখ করা হয়েছে। বর্ণিত প্রেক্ষিতে খুলনা সিটি কর্পোরেশনের মেয়র জনাব মোঃ মনিরুজ্জামান এর সাময়িক বরখাস্তকালীন সময়ে সম্মানী ভাতা প্রদানের বিষয়ে আইন/বিধিগত মতামত প্রদানের জন্য সিটি কর্পোরেশন-২ শাখা হতে অনুরোধ করা হয়েছে।

৩। এমতাবস্থায়, খুলনা সিটি কর্পোরেশনের মেয়র জনাব মোঃ মনিরুজ্জামান এর সাময়িক বরখাস্তকালীন সময়ে সম্মানী ভাতা প্রদানের বিষয়ে আইন/বিধিগত মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্ত ----- ফর্দ।


(মোঃ মাহাবুবুর রহমান)
উপসচিব (আইন)
৯৫৪০১৯৫

e-mail: dslaw1.lgd.gov.@gmail.com

এডভোকেট সালাউদ্দিন ইস্কান্দার কিং
বিজ্ঞ প্যানেল আইনজীবী
স্থানীয় সরকার বিভাগ

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলঃ

- ১। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। উপসচিব (সিটি কর্পোরেশন-২), স্থানীয় সরকার বিভাগ
- ৩। অফিস কপি/মাষ্টার কপি।